উপজেলা রিসোর্স সেন্টার
ফরিদগঞ্জ, চাঁদপুর।
urcfaridgonj@gmail.com

স্মারক নং- ৩৮.০১.১৩৪৫.০২০৬.২৫.০১১.২৫.২৬

তারিখ : ২৩ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ মে, ২০২৫ খ্রি.

বিষয় : **শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণে, নব নিয়োগ প্রাপ্ত শিক্ষক, প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক ও সহায়ক কর্মকর্তা ডেপুটেশণ প্রদান প্রসংগে।**

সূত্র : পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের অফিস স্বারক নং- **৩৮.০১.০০০০.৬০১.৯৯.০০৩.২৩.১৮১**, তারিখঃ ২৯ এপ্রিল, ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পিইডিপি-৪ এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলা রিসোর্স সেন্টারে আগামী **১২/০৫/২০২৫ খ্রি.** তারিখ থেকে **(৩য় ধাপে) শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক** প্রশিক্ষণের **২টি** ব্যাচের, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী মনোনীত শিক্ষকদের **PEMIS Software** এন্ট্রি পূর্বক, সংযুক্ত **নীতিমালা** মোতাবেক, প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী, **০১ জন প্রশিক্ষক** এবং **অত্র ইউআরসিতে সহকারি ইন্সট্রাক্টর পদ শুন্য থাকায়, তদস্থলে ০১ জন সহায়ক কর্মকর্তা ডেপুটেশন** প্রদান সহ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

**রেজিস্ট্রেশন ঃ সকাল ৮.৩০**

**-ঃ প্রশিক্ষণ পরিকল্পনা ঃ-**

| ব্যাচ | তারিখ | মন্তব্য |
|---|---|---|
| **১ম** | ১২/০৫/২০২৫ খ্রি. থেকে ১৪/০৫/২০২৫ খ্রি. | **ফরিদগঞ্জ থেকে ৩০ জন ~~এবং~~** |
| **২য়** | ১৫/০৫/২০২৫ খ্রি. থেকে ১৭/০৫/২০২৫ খ্রি. | **ফরিদগঞ্জ থেকে ১৩ জন এবং চাঁদপুর সদর থেকে ১৪ জন।** |

সংযুক্তি ঃ **জারীকৃত পত্র** (৩ পাতা)

০৬/০৫/২০২৫
(তারেক নাথ মল্লিক)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
ফরিদগঞ্জ, চাঁদপুর।
মুঠো ফোন : ০১৭১৬-১২৪৪২৭

প্রাপক : **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
ফরিদগঞ্জ/চাঁদপুর সদর, চাঁদপুর।

স্মারক নং- ৩৮.০১.১৩৪৫.০২০৬.২৫.০১১.২৫.২৬(১২)

তারিখ : ২৩ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ মে, ২০২৫ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৫। সুপারিনটেনডেন্ট, আলীগঞ্জ পিটিআই, চাঁদপুর।
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, চাঁদপুর।
৭। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর। (তাঁকে উক্ত প্রশিক্ষণের ভাতাদি সহ আনুষাংগিক ব্যয় নির্বাহে দাখিলকৃত বিল ছাড়করনে অনুরোধ করছি)
৮। সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ফরিদগঞ্জ/চাঁদপুর সদর, চাঁদপুর। (তাঁর ক্লাস্টারাধীন ডেপুটেশনকৃত প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে প্রশিক্ষণে নির্ধারিত সময়ে উপস্থিতি নিশ্চিত করণের অনুরোধ করছি।)
৯। প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক, .............................. সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর।
১০। অফিস কপি।

০৬/০৫/২০২৫
(তারেক নাথ মল্লিক)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
ফরিদগঞ্জ, চাঁদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

উপজেলা রিসোর্স সেন্টার
ফরিদগঞ্জ, চাঁদপুর।
ডকেট নং-
তারিখ

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০১.৭৯.০০৩.২৩- ৯৮৯ তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৪) এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে ৩য় ধাপে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে নিয়োগপ্রাপ্ত এবং প্রশিক্ষণবিহীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য ০৩ (তিন) দিন ব্যাপি ১৫২টি ভেন্যুতে ibas++ অনুযায়ী "জাতীয় প্রাথমিক শিক্ষাক্রম-২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ" ইউআরসি/টিআরসিতে আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সে লক্ষ্যে ইতোমধ্যে ইন্সট্রাক্টর ইউআরসি/টিআরসির অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে।

২। "জাতীয় প্রাথমিক শিক্ষাক্রম-২০২১ বিস্তরণ প্রশিক্ষণ" কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলোঃ

ক) বর্ণিত প্রশিক্ষণটি আগামী ৮ মে ২০২৫ তারিখ থেকে শুরু করতে হবে। কোন যৌক্তিক কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) সহ প্রশিক্ষণ পরিকল্পনা করতে হবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

খ) প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। ৩য় ধাপে ঢাকা ও চট্টগ্রামে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে অগ্রাধিকার দিয়ে প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের সমন্বয়ে ব্যাচ পরিচালনা করতে হবে। তবে কোন অবস্থাতেই প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষককে প্রশিক্ষণের অন্তর্ভুক্ত করা যাবে না।

গ) ইতোপূর্বে প্রণীত শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ ম্যানুয়াল ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করতে হবে।

ঘ) প্রশিক্ষণসূচি ও বাজেট বিভাজন যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

ঙ) প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

চ) কোনক্রমেই একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না।

ছ) উপজেলা/থানা শিক্ষা অফিসার আওতাধীন শিক্ষকের নাম, পদবি ও মোবাইল নাম্বার ও অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক ব্যাচওয়ারী শিক্ষক মনোনয়ন ও ডেপুটেশন প্রদান করবেন। তবে এক উপজেলার শিক্ষক অন্য উপজেলায় প্রশিক্ষণে অংশগ্রহনের নিমিত্তে সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ডেপুটেশন প্রদান করবেন। উপজেলা শিক্ষা অফিসার যথানিয়মে IPEMIS সফটওয়্যারে শিক্ষকের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রি নিশ্চিত করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।

জ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ IPEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকের তথ্য এন্ট্রি নিশ্চিত করবেন।

ঝ) প্রশিক্ষণের প্রতিব্যাচে ০২ (দুই) জন প্রশিক্ষক দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষকগণকে অবশ্যই ২০২৩ সনে আয়োজিত প্রাথমিক স্তরের জাতীয় শিক্ষাক্রম বিষয়ে প্রশিক্ষপ্রাপ্ত (এনসিটিবি এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেনার/কী ট্রেনার) হতে হবে।

ঞ) প্রতি ব্যাচের জন্য উপজেলা / থানা শিক্ষা অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সাথে আলোচনা করে প্রশিক্ষণপ্রাপ্ত এডিপিইও, ডিডি অফিসে সংযুক্ত শিক্ষা অফিসার, উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারদের মধ্যে হতে ০১ (এক) জন প্রশিক্ষক মনোনয়ন দিবেন।

ট) প্রতিব্যাচের জন্য ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর পিটিআই সুপারিনটেনডেন্টের সাথে আলোচনা করে তার নিয়ন্ত্রণাধীন ইন্সট্রাক্টর (ইউআরসি/টিআরসি) ও সহকারী ইন্সট্রাক্টরদের মধ্যে হতে ০১ (এক) জন প্রশিক্ষক মনোনয়ন দিবেন। তবে চলমান BTPT কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে পাঠদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম ব্যাহত না করে প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী সুপারিনটেনডেন্ট, ইন্সট্রাক্টর (পিটিআই) কে প্রশিক্ষক হিসেবে মনোনয়ন দেয়া যাবে।

ঠ) আর্থিক বছরের আওতায় দ্রুত সময়ের মধ্যে অধিক ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করার তাগিদে, অতিরিক্ত প্রশিক্ষণকক্ষের পর্যাপ্ততা সাপেক্ষে একইসাথে একাধিক ব্যাচে প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা করা যেতে পারে।

ড) প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ঢ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে ও সহকারী ইন্সট্রাক্টর সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে, কোর্স কো-অর্ডিনেটর ও সহায়ক কর্মকর্তা একইসাথে প্রশিক্ষকের দায়িত্ব পালন করলে তিনি উক্ত দায়িত্বে জন্য সম্মানী ও খাবারভাতা প্রাপ্য হবেন না।

ণ) একজন কর্মকর্তা একইসাথে প্রশিক্ষণের একাধিক খাত হতে অর্থ গ্রহণ করত পারবেন না। আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।

ত) প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়নে সহায়ক কর্মকর্তার আবশ্যকতা বিবেচনায় যেসকল ইউআরসি/টিআরসিতে সহকারী ইন্সট্রাক্টরের পদ শূন্য রয়েছে সেসকল স্থানে উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসের একজন সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদনক্রমে) ব্যাচওয়ারী প্রশিক্ষণের সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। সহায়ক কর্মকর্তা প্রশিক্ষণার্থীদের উপস্থিতি নিশ্চিতসহ ফলপ্রসু প্রশিক্ষণে সার্বক্ষণিক উপস্থিত থেকে সহায়তা প্রদান করবেন।

দ) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী যেকোনো সময় উপজেলা, জেলা, বিভাগ, অধিদপ্তর ও মন্ত্রণালয়ের মেন্টরগণ প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন। এক্ষেত্রে নিজ নিজ দপ্তর হতে ভ্রমণভাতা প্রাপ্য হবেন।

ধ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়নপূর্বক মূল্যায়ন প্রতিবেদন নিজ দপ্তরে সংরক্ষণ করবেন এবং সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

ন) বাজেট বিভাজনের ৫ নং ক্রমিকে উল্লেখিত প্রশিক্ষণ উপকরণ খাতের বরাদ্দ হতে প্যাড, কলম, পেন্সিল, সার্পনার, ইরেজার, নেম কার্ডসহ তথ্যপত্র (শিক্ষাক্রম ২০২১ এর জেনেরিক পার্ট; আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের নমুনা; প্রশিক্ষণ ম্যানুয়াল, এনসিটিবি কর্তৃক প্রণীত ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা ও অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ধারাবাহিক মূল্যায়ন স্পষ্টিকরণ পত্র প্রশিক্ষণার্থীকে সরবরাহ করতে হবে। এছাড়া, প্রশিক্ষণ পরিচালনা করার জন্য প্রয়োজনীয় পোস্টার পেপার, ভিপকার্ড, মার্কার, সাইন পেন ও অন্যান্য উপকরণ একই খাতের বরাদ্দ হতে ব্যয় করবেন।

প) যেসকল ইউআরসি/টিআরসিতে ডাটা এন্ট্রি অপারেটর ও নিরাপত্তা প্রহরী নেই কিংবা দুজনের একজন আছে সেক্ষেত্রে প্রশিক্ষণ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর শুধুমাত্র প্রশিক্ষণ চলাকালীন সময়ের জন্য সহায়ক কর্মচারীর বরাদ্দ (বাজেট বিভাজন এর ৭ নং ক্রমিক) থেকে মনোনয়ন করতে পারবেন।

ফ) আর্থিক বিধিবিধান অনুযায়ী ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। যে কোনো আর্থিক অনিয়মের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ব) প্রশিক্ষণ সমাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে প্রশিক্ষকের নাম, পদবি, কর্মস্থল, মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা প্রশিক্ষণার্থীর সংখ্যা (পুরুষ-নারী উল্লেখপূর্বক) ও প্রশিক্ষণের বিস্তারিত প্রতিবেদনসহ ব্যয় বিবরণী (SOE) পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

৩। বর্ণিত নির্দেশনাবলী অনুসরণ ও আর্থিক বিধিবিধানের আলোকে শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ পরিচালনা ও বাস্তবায়নের অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ক. বাজেট বিভাজন
- খ. অর্থ বরাদ্দের কপি
- গ. ম্যানুয়াল ও তথ্যপত্রের সফট কপি
- ঘ. প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার (Master) ট্রেইনার ও কী (Key) ট্রেইনারগণের নামের তালিকা

২৯.৪.২০২

মোঃ ইমামুল ইসলাম
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ইমেইল: dirtraindpe@gmail.com

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার,....................।

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০১.৯৯.০০৩.২৩- ৯৮১/২৫

তারিখ: ১৬ বৈশাখ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. পরিচালক, প্রশাসন/ পলিসি ও অপারেশন/ পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও সংগ্রহ/ মনি: ও মূল্যা/প্রকিউরমেন্ট/ইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ................. (সকল বিভাগ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ................. (সকল জেলা)।
৫. সুপারিনটেনডেন্ট................. পিটিআই (সকল)।
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.......................(সকল জেলা)।
উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা .......................(সকল উপজেলা)
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. অফিস কপি।

২৯.০৪.২০২৫

মোহাম্মদ মাঈন উদ্দিন
গবেষণা কর্মকর্তা
শিক্ষাক্রম ও গবেষণা শাখা
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৫৮ | রাজবাড়ী | বালিয়াকান্দি | ৩১৩০৩২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৫৯ | | পাংশা | ৩১৩০২২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬০ | | সদর রাজবাড়ী | ৩১৩০১২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | সদর রাজবাড়ী-১৩ জন,গোয়ালন্দ-৮ জন |
| ৬১ | | কালুখালী | ৩১৩০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | কালুখালী-১৮ জন,পাংশা-৫ জন |
| ৬২ | ফরিদপুর | ভাংগা | ৩১৪০৪২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | ভাংগা-১৬ জন,চরভদ্রাসন-১৪ জন |
| ৬৩ | | মধুখালী | ৩১৪০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬৪ | | আলফাডাঙ্গা | ৩১৪০৭২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | আলফাডাঙ্গা-১৪ জন, নগরকান্দা-৯ জন |
| ৬৫ | | নগরকান্দা | ৩১৪০২২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬৬ | | সদর ফরিদপুর | ৩১৪০১২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬৭ | | সদরপুর | ৩১৪০৮২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬৮ | | বোয়ালমারী | ৩১৪০৩২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৬৯ | | সালথা | ৩১৪০৯২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৭০ | মাদারীপুর | সদর মাদারীপুর | ৩১৫০৩২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | |
| ৭১ | | রাজৈর | ৩১৫০৪২ | ৬ | ১২৬৫৪০ | ৭৫৯২৪০ | |
| ৭২ | | শিবচর | ৩১৫০২২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | শিবচর-২৮ জন, রাজৈর-২ জন, |
| ৭৩ | | কালকিনি | ৩১৫০১২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | |
| ৭৪ | শরীয়তপুর | সদর শরীয়তপুর | ৩১৬০৬২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | সদর শরীয়তপুর-১৭ জন, জাজিরা-৪ জন, |
| ৭৫ | | ভেদরগঞ্জ | ৩১৬০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৭৬ | | জাজিরা | ৩১৬০২২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৭৭ | | গোসাইরহাট | ৩১৬০১২ | ৬ | ১২৬৫৪০ | ৭৫৯২৪০ | |
| ৭৮ | | নড়িয়া | ৩১৬০৪২ | ৪ | ১২৬৫৪০ | ৫০৬১৬০ | |
| ৭৯ | | ডামুড্যা | ৩১৬০৩২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | ডামুড্যা-১৪ জন, ভেদরগঞ্জ-১৪ জন |
| ৮০ | গোপালগঞ্জ | সদর গোপালগঞ্জ | ৩১৭০৩২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | সদর গোপালগঞ্জ-৪৮ জন, কোটালীপাড়া-৯ জন ,মুকসুদপুর-১ জন |
| ৮১ | | কোটালীপাড়া | ৩১৭০১২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | |
| ৮২ | | টুংগীপাড়া | ৩১৭০৪২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | টুংগীপাড়া-২০ জন,কাশিয়ানী-জন, মুকসুদপুর-২ জন, |
| ৮৩ | | মুকসুদপুর | ৩১৭০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৮৪ | | কাশিয়ানী | ৩১৭০২২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৮৫ | ব্রাহ্মণবাড়িয়া | সদর ব্রাহ্মণবাড়িয়া | ৪০৫০১২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | সদর ব্রাম্মনবাড়িয়া-২৫ জন, আশুগঞ্জ-২ জন বিজয়নগর-২ জন |
| ৮৬ | | কসবা | ৪০৫০৩২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | কসবা-৫৪ জন আখাউড়া-৩জন |
| ৮৭ | | নবীনগর | ৪০৫০২২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | নবীনগর-৭০ জন সরাইল-১৬ জন, |
| ৮৮ | | সরাইল | ৪০৫০৪২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৮৯ | | বাঞ্ছারামপুর | ৪০৫০৫২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | বাঞ্ছারামপুর-৫২ জন, আখাউড়া-৮জন |
| ৯০ | | নাসিরনগর | ৪০৫০৭২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | নাসিরনগর-১৬ জন, আশুগঞ্জ-১৪ জন |
| ৯১ | | বিজয়নগর | ৪০৫০৮২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৯২ | কুমিল্লা | চৌদ্দগ্রাম | ৪০৬০৬২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | |
| ৯৩ | | নাঙ্গলকোট | ৪০৬১২২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | নাঙ্গলকোট-৪৬ জন,মেঘনা-১৪ জন |
| ৯৪ | | মনোহরগঞ্জ | ৪০৬১৪২ | ৬ | ১২৬৫৪০ | ৭৫৯২৪০ | |
| ৯৫ | | বরুড়া | ৪০৬০৮২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৯৬ | | চান্দিনা | ৪০৬১০২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৯৭ | | দাউদকান্দি | ৪০৬০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | দাউদকান্দি-৪৬ জন মেঘনা-১৪ জন |
| ৯৮ | | বুড়িচং | ৪০৬০৯২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ৯৯ | | ব্রাহ্মণপাড়া | ৪০৬০৭২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | ব্রাহ্মণপাড়া-৪৩ , চান্দিনা-৮ জন |
| ১০০ | | হোমনা | ৪০৬১১২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | হোমনা-৫০ জন, বরুড়া-৮ জন |
| ১০১ | | মুরাদনগর | ৪০৬০৪২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | মুরাদনগর-৭১ জন দেবীদ্বার-১২ জন |
| ১০২ | | আদর্শ সদর | ৪০৬০১২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | সদর কুমিল্লা-৫১ জন, লাকসাম-৮ জন |
| ১০৩ | | তিতাস | ৪০৬১৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | লালমাই -৯ জন, তিতাস-২১ জন |
| ১০৪ | | সদর দক্ষিণ | ৪০৬১৬২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | লালমাই -১০ জন,সদর দক্ষিণ-১৮ জন |
| ১০৫ | চাঁদপুর | ফরিদগঞ্জ | ৪০৭০৬২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | ফরিদগঞ্জ-৪৩ জন, সদর চাঁদপুর-১৪ জন |
| ১০৬ | | শাহরাস্তি | ৪০৭০৫২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | শাহরাস্তি-২৫ জন, হাইমচর-৫ জন |
| ১০৭ | | কচুয়া | ৪০৭০২২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | কচুয়া-৫১ জন, হাইমচর-৭ জন, |
| ১০৮ | | হাজীগঞ্জ | ৪০৭০৩২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | হাজীগঞ্জ-৮৮ জন |
| ১০৯ | | মতলব দক্ষিণ | ৪০৭০৭২ | ৭ | ১২৬৫৪০ | ৮৮৫৭৮০ | |
| ১১০ | | মতলব উত্তর | ৪০৭০৮২ | ৩ | ১২৬৫৪০ | ৩৭৯৬২০ | |
| ১১১ | লক্ষীপুর | সদর লক্ষীপুর | ৪০৮০৪২ | ৪ | ১২৬৫৪০ | ৫০৬১৬০ | |
| ১১২ | | রামগতি | ৪০৮০১২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ১১৩ | | রামগঞ্জ | ৪০৮০৩২ | ১ | ১২৬৫৪০ | ১২৬৫৪০ | |
| ১১৪ | | রায়পুরা | ৪০৮০২২ | ৮ | ১২৬৫৪০ | ১০১২৩২০ | |
| ১১৫ | | কমলনগর | ৪০৮০৫২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | কমলনগর-৪১ জন, সদর লক্ষীপুর-১৭ জন, রামগঞ্জ-১ জন, |
| ১১৬ | নোয়াখালী | সদর নোয়াখালী | ৪০৯০১২ | ২ | ১২৬৫৪০ | ২৫৩০৮০ | |

ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
ফরিদগঞ্জ, চাঁদপুর।